

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৬. কেউ কাউকে আঘাত করলে ক্ষত শুকানোর পূর্বেই উহার ক্ষতিপূরণ দাবি করা

'আমর বিন্ শু'আইব তাঁর পিতা থেকে তাঁর পিতা তাঁর দাদা থেকে বর্ণনা করেন তিনি বলেন: জনৈক ব্যক্তি একটি শিং দিয়ে তাঁর হাঁটুতে আঘাত করলে তিনি রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্'র রাসূল (সা.)! আপনি তার থেকে আমার কিসাস (আঘাতের পরিবর্তে আঘাত) নিন। রাসূল (সা.) বললেন: তুমি সুস্থ হওয়া পর্যন্ত একটু অপেক্ষা করো। কিছু দিন পর তিনি আবারো রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্'র রাসূল (সা.)! আপনি তার থেকে আমার কিসাস নিন। তখন রাসূল (সা.) উক্ত ব্যক্তি থেকে তাঁর জন্য কিসাস নিলেন। ইতিমধ্যে আরো কিছু দিন অতিবাহিত হলে তিনি আবারো রাসূল (সা.) এর নিকট গিয়ে বললেন: হে আল্লাহ্'র রাসূল (সা.)! আমি তো এখন খোঁড়া হয়ে গিয়েছি। তখন রাসূল (সা.) বললেন:

قَدْ نَهَيْتُكَ فَعَصَيْتَنِيْ ، فَأَبْعَدَكَ اللهُ وَبَطَلَ عَرَجُكَ ، ثُمَّ نَهَى رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يُقْتَصَّ مِنْ جُرْحٍ حَتَّى يَبْرَأَ صَاحِبُهُ

"আমি তো তোমাকে নিষেধ করেছিলাম। কিন্তু তুমি তা শুনোনি। আল্লাহ্ তা'আলা তোমাকে নিজ কৃপা থেকে দূরে রাখুন! তোমার খোঁড়ামির আর কোন ক্ষতিপূরণ নেই। অতঃপর রাসূল (সা.) কারোর আঘাতের কিসাস নিতে করেছেন যতক্ষণ না আঘাতপ্রাপ্ত ব্যক্তি পরিপূর্ণরূপে সুস্ত হয়ে যায়"।[1]

## ফুটনোট

[1] (আহমাদ্, হাদীস ৭০৩৪ বায়হাকী, হাদীস ১৫৮৯৪ আব্দুর রাযযাক, হাদীস ১৭৯৯১ দারাকুত্বনী, হাদীস ২৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11416

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন